ঝিনাইদহের শৈলকুপায় লাঠির আঘাতে কিশোরের মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপায় নদীতে মাছ ধরাকে কেন্দ্র করে যুবকের বাশের লাঠির আঘাতে কিশোরের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার(২৮মে) দুপুরে উপজেলার মনোহরপুর ইউনিয়নের কুমার নদে এ ঘটনা ঘটে। নিহত আসিফ (১১) ওই গ্রামের মহিদুল ইসলামের ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, দুপুরে ওই গ্রামের কিশোর আসিফ হোসেন কুমার নদে বরশি দিয়ে মাছ ধরছিল । সেসময় একই গ্রামের আমজাদ হোসেনের ছেলে সনি পানি ঘোলা করলে দুজনের মধ্যে বাকবিতন্ডা হয়। একপর্যায়ে সনি বাশ দিয়ে আসিফকে আঘাত করে। বাশের মাথার সুচালো অংশ আসিফের ঘাড়ে ঢুকে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। এ ঘটনার পর থেকে পলাতক রয়েছে সনি।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শফিকুল ইসলাম চৌধুরী বলেন, নিহতের ঘটনায় হত্যা মামলার প্রস্তুতি চলছে। আসামিকে গ্রেপ্তার করতে পুলিশ অভিযান চালাচ্ছে।

কোটচাঁদপুরে বিষপানে কিশোরের মৃত্যু

বিষপানে অয়ন নাহা (১৬) নামের এক কিশোরের মৃত্যু হয়েছে। সে স্থানীয় বেনেপাড়ার অসিম নাহার ছেলে। গতকাল মঙ্গলবার রাতে সে মারা যায়।

জানা যায়,গেল ২২ মে সকালে বীষপান করেন অয়ন নাহা। এরপর স্বজনরা তাকে প্রথমে কোটচাঁদপুর,পরে য়শোর ও সর্বশেষ চিকিৎসার জন্য ঢাকা নিয়ে যান।

এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে চিকিৎসা দিয়ে ভর্তি করে দেন। পরে তাঁর অবস্থা অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাকে যশোর হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক।

গতকাল মঙ্গলবার সে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।

সে এ বছর এসএসসি পরীক্ষার্থী ছিলেন। বুধবার সকালে তাকে তাঁর নিজ গ্রাম চৌগাছায় সমাধিস্থ করা হয়েছে।

মুজিবনগরে বৈদ্যুতিক তারে শক লেগে কিশোরের মৃত্যু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে বৈদ্যুতিক শকে মিরাজুল (১৪) নামের এক কিশোর ভ্যান চালকের মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার দুপুর সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলাধীন আনন্দবাস গ্রামের মসজিদ পাড়ায় আশরাফুলের বসতবাড়ির ছাদে এস এস পাইপ উঠানোর সময় বৈদ্যুতিক মেইন তারের সাথে স্পর্শ করলে শক খেয়ে মৃত্যুর ঘটনা ঘটে।নিহত মিরাজুল ইসলাম চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানাধীন বয়রা গ্রামের মৃত নজরুল ইসলাম এর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, দুপুর সাড়ে ১১ টার দিকে আনন্দবাস গ্রামের মসজিদ পাড়ায় আশরাফুলের বসত বাড়ির ছাদে এস এস পাইপ উঠানোর সময় বৈদ্যুতিক মেইন তারের সাথে স্পর্শ করলে শক খায় মিরাজুল ইসলাম।

এ সময় মেইন লাইনের সাথে এস এস পাইপের অসাবধানতা বশত বিদ্যুতায়িত হলে সে পড়ে যায়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।